দৈনিক ইত্তেফাক

69

তারিখ 06 JUL 1998
পৃষ্ঠা ... 1, 3 ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

(83)

## শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনায় নিয়মিত তদারকি জোরদার করার নির্দেশ

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সুষ্ঠু পরিচালনা নিশ্চিত করার লক্ষ্যে উপযুক্ত এবং নিয়মিত তদারকী জোরদার করার নির্দেশ দিয়াছেন। তিনি বলেন, শিক্ষা প্রশাসনের সকল পর্যায়ের কাজকর্মে জবাবদিহির ব্যবস্থা রাখিতে হইবে যাহাতে জনগণের বিপুল অর্থে ( ২য় পৃ: )

### শিক্ষা প্রতিষ্ঠান

( ১ম পৃ: পর )

পরিচালিত শিক্ষা ব্যবস্থা সুষ্ঠু, সাবলীল ও দুর্নীতিমুক্ত হয় এবং দেশের ভবিষ্যত বংশধরগণ উপযুক্ত শিক্ষালাভের মাধ্যমে নিজেদেরকে যোগ্য নাগরিক হিসাবে গড়িয়া তোলার সুযোগ পায়।

মন্ত্রী গতকাল (বুধবার) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের ঢাকা অঞ্চলের উপ-পরিচালকের অফিস পরিদর্শনকালে কর্মকর্তা ও কর্মচারীদের উদ্দেশে একথা বলেন। পরিদর্শনকালে মন্ত্রী অফিসের চারজন কর্মচারীকে অননুমোদিতভাবে অনুপস্থিত দেখিতে পান। তিনি এসব কর্মচারীকে সাময়িকভাবে বরখাস্তের নির্দেশ প্রদান করেন।

### ওয়ার্ল্ড ভিডিও ও ফটোগ্রাফী ইন্সটিটিউট

শিক্ষামন্ত্রী গতকাল বিকালে ওয়ার্ল্ড ভিডিও এণ্ড ফিল্ম ফটোগ্রাফী ইন্সটিটিউটও উদ্বোধন করেন। শিক্ষামন্ত্রী বলেন, বিশ্বে বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়নের সাথে সাথে বাংলাদেশেও বিজ্ঞান ও কারিগরি ভিত্তিক এই মাধ্যমের দ্রুত বিকাশ ঘটিতেছে। এ ধরনের শিল্প মাধ্যম দেশের বেকার সমস্যা সমাধানেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করিতেছে। ইন্সটিটিউটের ট্রাষ্টি বোর্ডের চেয়ারম্যান শেখ এ আর আহমদ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। —তথ্য বিবরণী।